



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

০১। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	১০/২০২৩-২৪	সার্ভার, ডেস্কটপ কম্পিউটার, ইউপিএস, ডট মেট্রিক্স প্রিন্টার, লেজার প্রিন্টার, নেটওয়ার্ক সুইচ এবং স্ক্যানার	১০০০/-	৬০,০০০/-	০২/০১/২০২৪ খ্রিঃ মঙ্গলবার হতে ১৭/০১/২০২৪ খ্রিঃ বুধবার (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।	১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৮/০১/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা (BST) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০২। আহ্বাণী দরদাতাগণ অফিস সময়ে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০৩। আহ্বাণী দরদাতাগণ “ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ময়মনসিংহ পবিস-৩ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা যাবে না।

০৪। দরপত্র বিজ্ঞপ্তি গ্রহণ সময়সূচী অনুসারে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। প্রতিটি দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠানকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক সরাসরি মালামালের মূল্য চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারীকে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাতে হবে।

০৭। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

“বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন, অন্যকে ব্যবহারের সুযোগ দিন”

০১/০১/২৪
জেনারেল ম্যানেজার

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।